ভোরের কাগজ

24 MAR 2003

### পটুয়াখালীতে শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক

# সরকার পরীক্ষায় নকলের সুযোগ দিয়ে নকল মানুষ তৈরি করতে চায় না

মোশাররফ বাবুল/ কাজল বরণ দাস, পটুয়াখালী থেকে : শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, দেশ ও জাতির উন্নতির জন্য দেশপ্রেমিক মানুষ প্রয়োজন। আর এ মেধাবী মানুষ পেতে হলে সর্বাগ্রে নকলমুক্ত পরীক্ষার আয়োজন একান্ত প্রয়োজন। তিনি বলেন, সরকার পরীক্ষায় নকলের সুযোগ দিয়ে মানুষ তৈরি করতে চায় না, দেশ ও জাতিকে নকল মানুষের হাতে তুলে দিতে চায় না।

নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে বরিশাল বিভাগীয় শিক্ষাবোর্ড আয়োজিত পটুয়াখালী সরকারি জুবলী হাইস্কুল মাঠে গত শনিবার সকালে নকলবিরোধী এক সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষা প্রতিমন্ত্রী আরো বলেন, প্রকৃত মানুষ হচ্ছে আদর্শবান শিক্ষকরা। তারাই শ্রেণীকক্ষে শিক্ষাদান করে পরীক্ষাকে নকলমুক্ত করতে পারেন। এতে ছাত্রছাত্রীরা আত্মবিশ্বাসী হয়ে উঠবে। পটুয়াখালী জেলার প্রশাসক প্রশান্ত ভূষণ বড়ুয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন বরিশাল বিভাগীয় শিক্ষাবোর্ডের চেয়ারম্যান, বরিশাল, পটুয়াখালী, ঝালকাঠি, ভোলা, বরগুনা, পিরোজপুর জেলার জেলা প্রশাসকগণ, পুলিশ সুপার ইউএনও, কেন্দ্র সচিব ও শিক্ষাবোর্ডের কর্মকর্তারা।

প্রতিমন্ত্রী বলেন, বিগত সরকারের সময়ে পরীক্ষায় নকলপ্রবণতা বৃদ্ধি পেয়ে সর্বস্তরে মেধাশূন্যতা বিরাজ করছিল। কিন্তু সে অবস্থা এখন আর নেই। শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, পরীক্ষা কেন্দ্রের মেইন গেটে দেহ তল্লাশিতে যেসব পরীক্ষার্থীর কাছে নকল পাওয়া যাবে তাদের বহিষ্কার করা হবে এবং পরীক্ষা চলাকালীন নকলের দায়ে পরীক্ষার্থীকে বহিষ্কারের পাশাপাশি জেল হাজতে পাঠানো হবে। এজন্য পরীক্ষার্থীদের বইপুস্তক নিয়ে পরীক্ষা কেন্দ্রে না আসার জন্য প্রতিমন্ত্রী আহ্বান জানান।

এদিকে, শিক্ষা প্রতিমন্ত্রীর এ সমাবেশ পটুয়াখালী জেলা বিএনপি বর্জন করেছে। জেলা দলীয় সূত্রগুলো জানিয়েছে, জেলা বিএনপির কোনো নেতা এ প্রোগ্রামের দাওয়াত পাননি। এমনকি পৌরসভা চেয়ারম্যানকেও দাওয়াত দেওয়া হয়নি। বিএনপির মধ্যে এ ঘটনায় বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।